

## সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ২৭৯৪

১৮/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/১৫. মহান আল্লাহর পথে জিহাদ করা

### بَابُ الْقِتَالِ فِي سَبِيلِ اللَّهِ سُبْحَانَهُ وَتَعَالَى

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا يَعْلَى بْنُ عُبَيْدٍ، حَدَّثَنَا حَجَّاجُ بْنُ دِينَارٍ، عَنْ مُحَمَّدِ بْنِ ذَكْوَانَ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ، عَنْ عَمْرِو بْنِ عَبْسَةَ، قَالَ أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْجِهَادِ أَفْضَلُ قَالَ " مَنْ أَهْرِيْقَ دَمُهُ وَعُقِرَ جَوَادُهُ " .

বাংলা

৩/২৭৯৪। আমর ইবনে আবাসা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললাম, ইয়া রাসূলুল্লাহ! কোন্ জিহাদ উত্তম? তিনি বলেনঃ যে যুদ্ধে মুজাহিদের রক্ত প্রবাহিত হয় এবং তার ঘোড়াও আহত হয়।

## English

It was narrated that 'Amr bin 'Abasah said:

"I came to the Prophet (ﷺ) and said: 'O Messenger of Allah, which Jihad is best?' He said: '(That of a man) whose blood is shed and his horse is wounded.'"

ফুটনোট

আহমাদ ১৬৫৭৯, ১৮৯৪০, আত-তালীকুর রাগীব ২/১৭৮, ১৯১, ১৯২।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. মুহাম্মাদ বিন যাকওয়ান সম্পর্কে আবু বাকর আল-বাযযার বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আহমাদ বিন শু'আযব আন-নাসায়ী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যাবে না, তিনি সিকাহ নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫২০৫,

২৫/১৮০ নং পৃষ্ঠা) ২. শাহর বিন হাওশাব সম্পর্কে ইয়াহইয়া বিন মাদ্বীন ও ইয়াকুব বিন সুফইয়ান এবং আল-আজালী বলেন, তিনি সিকাহ। শু'বাহ ইবনুল হাজ্জাজ তাকে বর্জন করেছেন। আহমাদ বিন হাম্বল ও আবু হাতিম আর-রাযী বলেন, কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৭৮১, ১২/৫৭৮ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহিহ কিন্তু মুহাম্মাদ বিন যাকওয়ান এর কারণে সানাদটি দুর্বল। তাছাড়া শাহর বিন হাওশাব আমর বিন আবাসাহ থেকে হাদিসটি শ্রবন করেননি। হাদিসটির ৩৪ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ২ টি জাল, ৮ টি খুবই দুর্বল, ১৪ টি দুর্বল, ১ টি হাসান, ৯ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ দারিমী ২৩৯২, আহমাদ ১৩৭৯৮, ১৩৮২১, ১৪৩১৭, মুসান্নাফ আবদুর রাযযাক ৪৮৪৪, মুজামুল আওসাত ১২২৫, ২১০৬, ৪৪৪৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আমর ইবন আবাসা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43410>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন